

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২১৪

২২/ সাওম [রোযা] (১যা়০)

পরিচ্ছেদঃ ৩৯/ এ হাদীস বর্ণনায় ইয়াহইয়া ইবন আবু কাসীর ও নাযর ইবন শায়বান (রহঃ) এর বর্ণনার পার্থক্যের উল্লেখ

باب ذِكْرِ اخْتِلاَفِ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ وَالنَّصْرْ بْنِ شَيْبَانَ فِيهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ، قَالَ حَدَّثَنَا أَبُو هِشَامٍ، قَالَ حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ الْفَضِلْ، قَالَ حَدَّثَنَا النَّصْرُ بْنُ شَيْبَانَ، قَالَ قُلْتُ لأَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ حَدِّبْنِي الْفَضَلْ، قَالَ حَدَّ فِي سَمِعْتُهُ مِنْ، أَبِيكَ سَمِعَهُ أَبُوكَ، مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم لَيْسَ بَيْنَ أَبِيكَ وَبَيْنَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَحَدٌ فِي شَهْدِ رَمَضَانَ . قَالَ نَعَمْ حَدَّثَنِي أَبِيكَ وَبَيْنَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَحَدٌ فِي شَهْدِ رَمَضَانَ . قَالَ نَعَمْ حَدَّثَنِي أَبِيكَ وَبَيْنَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى فَرَضَ صِيامَ رَمَضَانَ عَلَيْكُمْ وَسَنَنْتُ لَكُمْ قِيَامَهُ فَمَنْ صَامَهُ وَقَامَهُ إِيمَانًا وَاحْتِسَابًا خَرَجَ مِنْ ذُنُوبِهِ كَيُومُ وَلَدَتْهُ أُمُّهُ " .

বাংলা

২২১৪। মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ (রহঃ) ... নযর ইবনু শায়বান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবূ সালামা ইবনু আব্দুর রহমান (রহঃ)-কে বললামঃ আপনি আমার কাছে বর্ণনা করুন রমযান মাস সম্পর্কে যা আপনি আপনার পিতা থেকে শুনেছেন। আর আপনার পিতা তা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এমতাবস্থায় শুনেছিলেন যে, আপনার পিতা এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাঝখানে অন্য আর কেউ ছিল না।

তিনি বললেন, হ্যাঁ, আমার পিতা আমার কাছে বর্ণনা করেছেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আলাহ তা'আলা তোমাদের উপর রমযান মাসের সাওম ফরয করেছেন এবং আমি তোমাদের জন্য তারাবীহর সালাত (নামায/নামাজ) কে সুন্নাত করে দিয়েছি। অতএব যে ব্যক্তি আল্লাহ তা'আলার উপর দৃঢ় বিশ্বাস রেখে সওয়াবের নিয়তে রমযান মাসে সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করে এবং তারাবীহর সালাত আদায় করে, সে স্বীয় গুনাহসমূহ থেকে সে দিনের মত পবিত্র হয়ে যায় যে দিন তার মাতা তাকে প্রসব করেছিল।



English

An-Nadr bin Shaiban said:

"I said to Abu Salamah bin 'Abdur-Rahman: 'Tell me of something that you heard from your father, that he heard from the Messenger of Allah, with no one in between your father and Messenge of Allah concerning the month of Ramadan. He said: 'Yes; my father said: The Messenger of Allah said: Allah, may He be blessed and exalted, enjoined the fast of Ramadan upon you, and I have made it Sunnah for you to spend its nights in prayer. Whoever fasts it and spends its nights in prayer out of faith and in the hope of reward, he will emerge from his sins as on the day his mother bore him."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন